কালের কণ্ঠ

তারিখ 14 JUN 2017
পৃষ্ঠা ... কলাম ...

### হাজী দানেশ বিশ্ববিদ্যালয়

# সরকার অনুগত শিক্ষক সংগঠনে ভাঙন

দিনাজপুর প্রতিনিধি ▷

দিনাজপুরের হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সরকার অনুগত শিক্ষক সংগঠন ভেঙে বিভক্ত হয়ে গেছে। গতকাল মঙ্গলবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে সংবাদ সম্মেলনের মাধ্যমে মুক্তিযুদ্ধের চেতনা ও মূল্যবোধে বিশ্বাসী শিক্ষক পরিষদ নামে নবগঠিত সংগঠনের আত্মপ্রকাশের ঘোষণা দেওয়া হয়েছে। এতে লিখিত বক্তব্য পড়ে শোনান নবগঠিত সংগঠনের ১১ সদস্যের আহ্বায়ক কমিটির সদস্যসচিব প্রফেসর ডা. ফজলুল হক। এদিকে বিশ্ববিদ্যালয়ে সাম্প্রতিক ঘটনার প্রতিবাদে আজ বুধবার সকালে বিশ্ববিদ্যালয়ে মানববন্ধন কর্মসূচি পালনসহ সংবাদ সম্মেলনের ডাক দিয়েছেন প্রগতিশীল শিক্ষক পরিষদের নেতারা। আহ্বায়ক কমিটির সদস্যসচিব প্রফেসর ডা. ফজলুল হক দাবি করেন, নবগঠিত কমিটির সঙ্গে রয়েছেন প্রায় অর্ধশত শিক্ষক-শিক্ষিকা। এর আগে প্রগতিশীল শিক্ষক পরিষদের সঙ্গে জড়িত ছিলেন তাঁরা।